স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩০

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।**

## ক. পদের বিবরণ:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | পরিচ্ছন্নতা কর্মী (নিরাপত্তা ও পরিচ্ছন্নাতা শাখা) | ০৭ | ৮২৫০- ২০০১০/- (গ্রেড-২০) |
| ২ | নিরাপত্তা প্রহরী (নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা) | ১২ | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) |

## খ. আবেদনপত্র জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদের শর্তাবলী সংগ্রহপূর্বক সাদা কাগজে স্বহস্তে আবেদন করতে হবে। (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকান (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের শেষ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) নিজ জেলা (ড) বিশেষ কোটাভুক্ত কিনা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঢ) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নাম্বার, ব্যাংকের নাম, টাকার পরিমাণ, তারিখ (ণ) জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং (ত) প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।

২. রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি অথবা ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।

৩. প্রতিটি পদের জন্য স্বহস্তে লিখিত ০৪ সেট আবেদনপত্র জমা দিতে হবে।

৪. (ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রতিটি পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনগ্রসর নাগরিক (সকল গ্রেডের জন্য) ৫০/-(পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণির কর্মকর্তার নামাংকিত সিল দ্বারা সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদনের সাথে সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

৫. বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য নিয়োগ বাছাই বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৬. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/-(সাত) টাকার ডাকটিকিট যুক্ত ২৪X১১সে: মি: /১০×৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. বিধি মোতবেক সকল কোটা অনুসরণ করা হবে।

৮. চাকুরিরত প্রার্থীদের (খন্ডকালীন চাকরি ব্যতীত) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদন ফরমের সাথে দাখিলকৃত কোন কাজগপত্র ফেরত প্রদান করা হবে না।

১২. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ঃ **০২-০২-২০২৬ খ্রিঃ, বিকাল ৪:০০ টা**। উল্লিখিত তারিখের পর ডাকযোগে বা হাতে হাতে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৩. ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৪. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
**ড. মোঃ হারুন-অর রশিদ**
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৬/৩০

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | শর্তাবলী |
|---|---|---|---|
| ১ | **পরিচ্ছন্নতা কর্মী (নিরাপত্তা ও পরিচ্ছন্নাতা শাখা)**<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)<br>৮২৫০ থেকে ২০০১০/- (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩২ বছর | ১। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হইতে হইবে।<br>২। পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। |
| ২ | **নিরাপত্তা প্রহরী (নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা)**<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)<br>৮২৫০ থেকে ২০০১০/- (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩২ বছর | ১। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ হইতে হইবে।<br>২। সুস্বাস্থ্যের অধিকারী, পেশাদার ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>৩। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল করা যেতে পারে। |